



মানিক মিয়া এভিনিউয়ে ‘জুলাই গণঅভ্যুত্থান দিবস’ অনুষ্ঠানে বেলুন বিস্ফোরণ, আহত ১০



সংগৃহীত ছবি

রাজধানীর মানিক মিয়া এভিনিউয়ে ‘জুলাই গণঅভ্যুত্থান দিবস’ উপলক্ষে আয়োজিত অনুষ্ঠানে গ্যাসভর্তি বেলুন বিস্ফোরণের ঘটনা ঘটেছে। আজ মঙ্গলবার দুপুরে হঠাৎ ঘটে যাওয়া এই দুর্ঘটনায় অন্তত ১০ জন আহত হয়েছেন যার মধ্যে কয়েকজনের অবস্থা আশঙ্কাজনক বলে জানা গেছে।

প্রত্যক্ষদর্শীরা জানিয়েছেন, অনুষ্ঠানে প্রতীকী ‘হেলিকপ্টার বেলুন’ উড়ানো হচ্ছিল। আয়োজকরা জানিয়েছেন, ২০২৪ সালের এই দিনে, দুপুর ২টা ২৫ মিনিটে তৎকালীন প্রধানমন্ত্রী শেখ হাসিনার পালানোর ঘটনাকে স্মরণীয় করে রাখতেই প্রতীকীভাবে বেলুনটি উড়ানো হয়। কিন্তু গ্যাসভর্তি ওই বেলুনটি হঠাৎ বিস্ফোরিত হয়ে ভয়াবহ দুর্ঘটনার সৃষ্টি করে।

বিস্ফোরণের তীব্রতায় আশপাশে থাকা অন্তত ১০ জন আহত হন। তাদের মধ্যে কয়েকজনের অবস্থা আশঙ্কাজনক বলে জানা গেছে। আহতদের তাৎক্ষণিকভাবে রাজধানীর বিভিন্ন হাসপাতালে চিকিৎসার জন্য পাঠানো হয়েছে।

দুর্ঘটনার পরপরই আইনশৃঙ্খলা বাহিনীর সদস্যরা দ্রুত ঘটনাস্থলে পৌঁছে এলাকা ঘিরে ফেলে এবং বিস্ফোরণের প্রকৃত কারণ উদঘাটনে তদন্ত শুরু করে। আয়োজকদের গাফিলতি, বেলুনের মান ও নিরাপত্তা ব্যবস্থা নিয়েও প্রশ্ন তুলছেন উপস্থিত সাধারণ মানুষ।